

BUNIADPUR MAHAVIDYALAYA

Internal Examination-2021

Elective Bengali

Part-I

Paper Code: I-A+B

Full Marks -

150

সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখঃ (২৫টি)

২৫x২=৫০

১)শ্রীরামপুর মিশন প্রতিষ্ঠিত হয়-

ক) ১৭৯৯ খ্রীঃ খ)১৮০০ খ্রীঃ গ)১৮০১ খ্রীঃ ঘ) ১৮০২খ্রীঃ

২) সংবাদ প্রভাকর পত্রিকার সম্পাদক -

ক) ঈশ্বরগুপ্ত খ) বিদ্যাসাগর গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) কেউ নন

৩) 'অভিনব জয়দেব'কাকে বলা হয়-

ক) চণ্ডীদাস খ) বিদ্যাপতি গ) জ্ঞানদাস ঘ) গোবিন্দ দাস

৪) 'মাথুর' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ?

ক) বিদ্যাপতি খ) চণ্ডীদাস গ) গোবিন্দ দাস ঘ) জ্ঞান দাস

৫) 'মার্জার' শব্দের অর্থ কি ?

ক) বিড়াল খ) কুকুর গ) ছাগল ঘ) বাঘ

৬) 'পোস্টমাষ্টার'গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

ক) সাধনা খ) হিতবাদী গ) ভারতী ঘ) প্রবাসী

৭) 'বাধিয়াছে দলাদলি লাগিয়াছে গোল/বিধবার বিয়ে হবে বাজিয়াছে তোল/'-কোন কবিতার অংশ?

ক) কৌলিন্য খ) বিধবা বিবাহ গ) আচার ভ্রংশ ঘ) দুর্গাপূজা

৮) রামলচন চরিত্রটি কোন গল্পে দেখা যায় ?

ক) একরাত্রি খ) ক্ষুধিত পাষণ গ) পোষ্ট মাষ্টার ঘ) ত্যাগ

৯) এস.ওয়াজেদ আলির 'ভারতবর্ষ' প্রবন্ধটি যে মূল গ্রন্থ থেকে নেওয়া -

ক) গুলদস্তা খ) গল্পের মজলিশ গ) দরবেশের দোয়া ঘ) মাশুকের দরবার

১০) চরন ও বৃন্দাবনের মা কোন রোগে মারা যান?

ক) ওলাওঠা খ) বসন্ত গ) ম্যালেরিয়া ঘ) টাইফয়েড

১১) 'ইতিহাসমালা' গ্রন্থটি কার লেখা?

ক. উইলিয়াম কেরী খ) বিদ্যাসাগর গ.) মৃত্যুঞ্জয় বিদ্যালংকার ঘ.) রামরাম বসু

১২) কেরি সাহেবের মুন্সী কে ছিলেন?

ক) বিদ্যাসাগর খ) রামমোহন গ) রামরাম বসু ঘ) রাজীব লোচন

১৩) 'গৌড়ীয় ব্যাকরণ' কার লেখা?

ক) ঈশ্বরগুপ্ত খ) বিদ্যাসাগর গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) রামমোহন রায়

১৪) 'টেকচাঁদ ঠাকুর' কার ছদ্ম নাম?

ক) অক্ষয়কুমার দত্ত খ) কালিপ্রসন্ন সিংহ গ) প্যারিচাঁদমিত্র ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

১৫) 'হুতোম পাঁচার নক্সা' গ্রন্থটি কার লেখা?

ক) অক্ষয়কুমার দত্ত খ) কালিপ্রসন্ন সিংহ গ) প্যারিচাঁদমিত্র ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

১৬) 'উত্তর রামচরিত' অবলম্বনে বিদ্যাসাগর কোন গ্রন্থ রচনা করেন?

ক) শকুন্তলা খ) সীতার বনবাস গ) প্রভাবতী সম্ভাষণ ঘ) কথামালা

১৭) 'নীলদর্পন' নাটকটির প্রকাশকাল কত?

ক) ১৮৬০ খ) ১৮৬৫ গ) ১৮৬১ ঘ) ১৮৬১

১৮) 'শিক্ষার মিলন' প্রবন্ধটি কোন মূল গ্রন্থের অন্তর্গত?

ক) সাহিত্যের পথে খ) সভ্যতার সঙ্কট গ) কালান্তর ঘ) পঞ্চভুর

১৯) বাংলা সাহিত্যের একটি রাজনৈতিক উপন্যাস হলো?

ক) জাগরী খ) পদ্মানদীর মাঝি গ) পথের পাঁচালী ঘ) লঘুগুরু

২০) কোন কবিকে দুঃখবাদী কবি বলা হয়?

ক) রবীন্দ্রনাথ খ) যতিন্দ্রনাথ সেনগুপ্ত গ) কালিদাস রায় ঘ) নজরুল ইসলাম

২১) 'ত্রয়ী' কাব্য কার লেখা?

ক) নবীনচন্দ্র সেন খ) দেবেন্দ্রনাথ সেন গ) মধুসূদন দত্ত ঘ) ইন্দ্রনাথ সেন

২২) ‘গল্পটি আগাগোড়া বানানো’ কোন গল্পের কথা বলা হয়েছে?

ক) ত্যাগ খ) ক্ষুধিত পাষণ গ) জননী ঘ) পোস্ট মাস্টার

২৩) ‘হিমালয় ভ্রমণ’ প্রবন্ধে লেখকের সঙ্গী কে ছিলেন?

ক) করালিনাথ খ) কেদারনাথ গ) কিশরীনাথ ঘ) দামোদর

২৪) ‘গৌরচন্দ্রিকা’র শ্রেষ্ঠ পদকর্তার নাম কি?

ক) চণ্ডীদাস খ) বিদ্যাপতি গ) গোবিন্দদাস ঘ) জ্ঞানদাস

২৫) ‘মিছে জাঁক কেন করো সাহেব আনিয়া’-কোন কবিতার অংশ?

ক) দুর্গাপূজা খ) মাতৃভাষা গ) আচারভ্রংশ ঘ) বিধবা বিবাহ

নীচের প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি প্রশ্নের পূর্ণমান -১০

১) “বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম যথার্থশিল্পী ছিলেন” - আলোচনা করো।

অথবা

উনিশ শতকে বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান আলোচনা করো।

২) বাংলা আধুনিক মহাকাব্য ধারার পরিচয় দিয়ে একজন শ্রেষ্ঠ মহাকবির প্রতিভার স্বরূপ আলোচনা করো।

অথবা

গীতিকবি হিসাবে বিহারীলাল চক্রবর্তীর অবদান আলোচনা করো।

৩) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা

বঙ্কিমচন্দ্রের সামাজিক উপন্যাসগুলির পরিচয় দিয়ে যেকোন একটি উপন্যাসের শিল্প-সার্থকতা বিচার করো।

৪) গৌরচন্দ্রিকা কাকে বলে? গৌরাঙ্গ বিষয়ক এবং গৌরচন্দ্রিকা’র পদ বলতে কী বঝানো হয়?

গৌরচন্দ্রিকা পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব লেখ।

অথবা

‘জ্ঞানদাস চণ্ডীদাসের ভাবশিষ্য’- আলোচনা করো।

নীচের প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি প্রশ্নের পূর্ণমান -১৫

৫) ঈশ্বর গুপ্তের 'বিধবাবিবাহ' কবিতা অবলম্বনে বিধবা বিবাহ সম্পর্কে তাঁর দৃষ্টিভঙ্গী আলোচনা করো ?

অথবা

মাতৃভাষার প্রতি ঈশ্বরগুপ্তের যে দরদ 'মাতৃভাষা' কবিতায় ফুটে উঠেছে তাঁর পরিচয় দাও।

৬) 'বিড়াল' নামক লঘু রসাত্মক প্রবন্ধের অন্তরালে যে গুরুতর সমাজ-সমস্যা উপস্থাপিত করা হয়েছে তার

পরিচয় দাও।

অথবা

“শান্তি সেখানেই যেখানে মঙ্গল, মঙ্গল সেখানেই যেখানে ঐক্য” - শিক্ষার মিলন প্রবন্ধে রবীন্দ্রনাথ যে

ঐক্যের কথা বলেছেন তা নিজের ভাষায় আলোচনা করো।

৭) “পণ্ডিতমশাই’ উপন্যাসের কেন্দ্রীয় আকর্ষণ কুসুম” - আলোচনা করো।

অথবা

‘পণ্ডিতমশাই’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

৮) ‘একরাত্রি’ গল্পের নায়কের জীবনে একরাত্রি কীভাবে অনন্তরাত্রির ব্যঞ্জনা নিয়ে এসেছে - তা আলোচনা করো।

অথবা

অতিলৌকিক গল্প বলতে কি বোঝায়? এই ধারায় ‘ক্ষুদিত পাষণ’ গল্পটিকে বিচার করা যায় কি? - আলোচনা করো।